দামুড়হুদা রামনগর বাজারে ভোক্তা অধিকার সংরক্ষণের অভিযান

বাণিজ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সার্বিক নির্দেশনায়,জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের রামনগর এলাকায় অভিযান পরিচালনা করা হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ সহকারী পরিচালক সজল আহমেদের নেতৃত্বে আজ রবিবার বেলা ১১টায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।

অভিযানে মুদিদোকান, শিশুখাদ্য, বেকারি ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় রামনগর বাজারে মেসার্স পল্লী স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকির সময় বিক্রয়ের উদ্দেশ্যে সেলফে সাজিয়ে রাখা প্রচুর মেয়াদ উত্তীর্ণ কীটনাশক পণ্য জব্দ করা হয়।

এছাড়া নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করাসহ অন্যান্য অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: শাহীন আলমকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪১ ও ৫১ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়। অপর এক অভিযানে মেসার্স প্রিয় ফুড বেকারির মালিক মো: হাসানুজ্জামানকে ভাঙ্গা পঁচা-ফাটা ডিমে কেক বিস্কুট তৈরি, অস্বাস্থ্যকর পরিবেশ ও উৎপাদিত পণ্যের গায়ে মেয়াদ না থাকার অপরাধে ৩৭ ও ৪৩ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে দুইটি প্রতিষ্ঠানকে সর্বমোট নগদ ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয়। অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সজল আহম্মেদ।

এসময় জেলা পুলিশ লাইনের একটি টিম সহযোগিতা ও সার্বিক নিরাপত্তায় ছিলেন।

ভ্রাম্যমাণ আদালত শেষে সজল আহমেদ বলেন,সাধারণ ভোক্তাদের সাথে প্রতারণা কখনোই মেনে নেওয়া হবেনা। জনস্বার্থে এই ধরনের অভিযান পরিচালনা অব্যাহত থাকবে। উপস্থিত ব্যবসায়ী ও জনসাধারণকে এবিষয়ে সতর্ক করা হয়। সচেতনতামূলক লিফলেট বিতরণ এবং সবাইকে সতর্ক করা হয়। এসময় আইন মেনে মুল্যে তালিকাসহ ব্যবসা পরিচালনার জন্য